

তারিখ: ১১.০৭.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

টরন্টোতে বিল ব্ল্যারের সঙ্গে চসিক মেয়রের বৈঠক সুশাসন, নিরাপত্তা ও আন্তর্জাতিক সহযোগিতায় গুরুত্বারোপ

টরন্টো, কানাডা: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এবং কানাডার প্রভাবশালী সংসদ সদস্য, টরন্টোর সাবেক পুলিশ প্রধান ও দেশটির প্রতিরক্ষা ও পাবলিক সেফটি মন্ত্রী বিল ব্ল্যারের মধ্যে এক গুরুত্বপূর্ণ ও ফলপ্রসূ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বৈঠকে চট্টগ্রামের আইন-শৃঙ্খলা, সুশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক সহযোগিতাসহ নানা বিষয়ে গভীর আলোচনা হয়। বিল ব্ল্যার তার দীর্ঘ পুলিশ প্রশাসন ও মন্ত্রিসভার অভিজ্ঞতা থেকে আধুনিক নগর ব্যবস্থাপনায় পুলিশের স্বচ্ছতা ও জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরেন। বিল ব্ল্যার চট্টগ্রামের আইন-শৃঙ্খলা, সুশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক সহযোগিতার বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দিয়েছেন। বৈঠকে মেয়র ডা. শাহাদাত হোসেন চট্টগ্রামে আইন-শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা, জনগণের নিরাপত্তা ও পুলিশ বাহিনীকে জনতার বন্ধু হিসেবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি বলেন, “পুলিশকে শুধু আদালতের নয়, নাগরিক কর্তৃপক্ষের প্রতিও জবাবদিহি করতে হবে।” বিল ব্ল্যার তার দীর্ঘ পুলিশ প্রশাসন ও মন্ত্রিসভার অভিজ্ঞতা থেকে বলেন, আধুনিক নগর ব্যবস্থাপনায় পুলিশের জবাবদিহিতা ও স্বচ্ছতা অপরিহার্য। চট্টগ্রামের দুর্যোগ ব্যবস্থাপনা ও জরুরি সেবার মানোন্নয়নে কানাডার সঙ্গে প্রযুক্তিগত সহযোগিতা ও প্রশিক্ষণ বিনিময়ের সুযোগ নিয়ে আলোচনা হয়। বিল ব্ল্যার কানাডার জরুরি ব্যবস্থাপনা মন্ত্রীর অভিজ্ঞতা থেকে চট্টগ্রামের প্রস্তুতি জোরদার করার জন্য প্রশিক্ষণ ও অভিজ্ঞতা বিনিময়ের প্রস্তাব দেন। আসন্ন নির্বাচন দ্রুত করার প্রয়োজনীয়তা এবং বাংলাদেশের নিরাপত্তা বাহিনীতে চলমান সংস্কার নিয়ে দুই নেতার মধ্যে মতবিনিময় হয়। এছাড়া, চট্টগ্রামে বিনিয়োগের সুযোগ, বাংলাদেশ-কানাডা বাণিজ্য জোট গঠনের সম্ভাবনা এবং কমনওয়েলথ নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য, বাংলাদেশ ইতিমধ্যেই কমনওয়েলথের সদস্য দেশ এবং এই সংগঠনের মাধ্যমে জলবায়ু পরিবর্তন, অর্থনৈতিক উন্নয়ন ও বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা লাভ করছে। বিল ব্ল্যার টরন্টোর পুলিশ প্রধান হিসেবে দশকখানেক দায়িত্ব পালন করেছেন, যেখানে তিনি কমিউনিটি পুলিশিং ও জনসম্পৃক্ততা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। পরবর্তীতে কানাডার প্রতিরক্ষা ও পাবলিক সেফটি মন্ত্রী হিসেবে দেশটির নিরাপত্তা ও জরুরি ব্যবস্থাপনায় নেতৃত্ব দিয়েছেন। তার এই অভিজ্ঞতা চট্টগ্রামের নিরাপত্তা ও সুশাসনে নতুন দিগন্ত উন্মোচনে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে। বৈঠক শেষে মেয়র ডা. শাহাদাত বলেন, “বিল ব্ল্যারের মতো আন্তর্জাতিকভাবে স্বীকৃত নেতার পরামর্শ ও সহযোগিতা চট্টগ্রামের উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিত করতে আমাদেরকে অনুপ্রাণিত করবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে নগরবাসীর কল্যাণে কাজ করে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮